



তালিকা নং-০৮

পেনশন বীমা (বোনাসবিহীন) Pension Assurance (without Profit)

কর্মজীবী মানুষ স্বভাবতই অবসর জীবনে নিরুদ্ব্বেগ, স্বচ্ছল, শান্তিময় দিন যাপনের নিশ্চয়তা চান। পরিণত বয়সে যখন নিয়মিত আয়ের কোন নিশ্চয়তা থাকে না পেনশন বীমা পলিসি ঠিক তখনই নিয়মিত মাসিক অর্থাগমনের ব্যবস্থা এবং অকাল মৃত্যুতে পরিবারের আর্থিক নিরাপত্তার ব্যবস্থা করে যা অন্য কোন সঞ্চয়ের মাধ্যমে সম্ভব নয়।

পেনশন বীমার আকর্ষণ:

- কর্মজীবনে অকাল মৃত্যুতে পেনশন বীমার নিরাপত্তা এবং অবসর জীবনের জন্য আমরণ (যত দিন বেঁচে থাকবেন) পেনশনের ব্যবস্থা।
- পেনশন প্রদান শুরুর ১০ (দশ) বছরের মধ্যে মৃত্যু হলে দশ বছরের বাকী সময়ের জন্য পেনশন বীমা গ্রহীতার মনোনীতকের পেনশন লাভের গ্যারান্টি।
- পেনশন শুরুর পূর্বে বীমা গ্রহীতার মৃত্যুতে তাঁর পরিবারবর্গ (মনোনীতক) এককালীন বার্ষিক পেনশনের ১০ গুন পরিমাণ বীমার টাকা পাবেন। অবশ্য মনোনীতক ইচ্ছা করলে পেনশনের আকারেও এই টাকা ভোগ করতে পারেন।
- বার্ষিক পেনশনের সর্বোচ্চ ৫০% পেনশন শুরুর সময়ে অথবা তখন থেকে এক বছরের মধ্যে কোম্পানির নির্ধারিত হারে নগদ অংকের বিনিময়ে সমর্পণ করা যেতে পারে।
- সমর্পিত পেনশন মোট পেনশন থেকে বাদ দিয়ে বাকী অংশ নীট পেনশন হিসাবে দেয়া হবে।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়। বীমা দাবীর টাকাও আয়করমুক্ত।
- সর্বোচ্চ ৫৫ (পঞ্চাশ) বছর পর্যন্ত এই বীমা গ্রহণ করা যাবে এবং বীমা গ্রহীতার স্বনির্বাচিত অবসর গ্রহণের বয়স হবে ৫০ থেকে ৬০ বছর পর্যন্ত। এই পরিকল্পের সাথে কোন অতিরিক্ত বীমা দেয়া হয় না।

উদাহরণ: ৩৫ বছর বয়স্ক এক ভদ্রলোক তার ৫৮ বছর বয়স পূর্তির পর থেকে মাসিক ৫০০০ টাকা পেনশনের জন্য একটি পেনশন বীমা পলিসি গ্রহণ করলে প্রিমিয়াম ও সুবিধাবলী হবে নিম্নরূপ:

প্রিমিয়াম: মাসিক পেনশন ৫,০০০.০০ টাকা, বার্ষিক পেনশন (৫,০০০×১২) = ৬০,০০০.০০ টাকা এবং ঝুঁকির অংক (৬০,০০০×১০) = ৬,০০,০০০.০০
৬০,০০০.০০ টাকার বার্ষিক প্রিমিয়াম (২২,৮১০×৬০) = ১৩,৬৮৬.০০ টাকা ৫৮ বছর বয়স পর্যন্ত তিনি প্রিমিয়াম দিবেন (১৩,৬৮৬×২৩) = ৩,১৪,৭৭৮.০০ টাকা

সুবিধা সমূহ:

৫৮ বছর বয়স পূর্তির পর থেকে ভদ্রলোক যতদিন বেঁচে থাকবেন ততদিন পর্যন্ত প্রতি মাসে টাকা ৫,০০০.০০ করে নিয়মিত পেনশন পাবেন। এই অর্থ প্রতি তিন মাসে তাঁর ঠিকানায় অথবা ব্যাংকে পৌঁছে যাবে। গ্যারান্টিকৃত দশ বছরে তিনি পাচ্ছেন প্রতিমাসে ৫,০০০.০০ টাকা হারে (৫,০০০×১২×১০) = ৬,০০,০০০.০০ টাকা এর পরেও তিনি যতদিন জীবিত থাকবেন ততদিন প্রতিমাসে টাকা ৫,০০০.০০ হারে পেনশন পেতেই থাকবেন। পেনশন শুরু হওয়ার সময় তিনি ইচ্ছে করলে মোট পেনশনের অর্ধেক পর্যন্ত সমর্পণ করে এককালীন টাকা নিতে পারবেন। উপরোক্ত এককালীন টাকা ছাড়াও যথারীতি পেনশন হিসাবে প্রতি মাসে পাবেন টাকা ২,৫০০.০০।



প্রতি এক হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়ামের হার

পেনশন শুরুকালীন বয়স

বয়স	৫০	৫১	৫২	৫৩	৫৪	৫৫	৫৬	৫৭	৫৮	৫৯	৬০
২০	১৩৫.৫	১২৪.৯	১১৫.৪	১০৬.৮	৯৯.৯	৯২.৯	৮৫.৭	৮০.৩	৭৫.২	৭০.৭	৬৬.৬
২১	১৪৬.৯	১৩৪.৫	১২৪	১১৪.৬	১০৬.২	৯৮.৫	৯১.৭	৮৫.৬	৮০	৭৫.৯	৭০.৭
২২	১৫৭.৯	১৪৫.৯	১৩৩.৬	১২৩.২	১১৩.৯	১০৫.৬	৯৮.৯	৯১.৩	৮৫.৩	৭৯.৯	৭৫.৯
২৩	১৭০.৯	১৫৬.৭	১৪৪	১৩২.৭	১২২.৪	১১৩.৩	১০৫.৯	৯৭.৭	৯১.৯	৮৫.২	৭৯.৯
২৪	১৮৫.৩	১৬৯.৬	১৫৫.৬	১৪৩.৯	১৩১.৮	১২১.৭	১১২.৭	১০৪.৬	৯৭.৪	৯১	৮৫.২
২৫	২০১.৩	১৮৩.৯	১৬৮.৪	১৫৪.৫	১৪২.৯	১৩১.৯	১২১.৯	১১২.৩	১০৪.৪	৯৭.৩	৯১
২৬	২১৯.২	১৯৯.৮	১৮২.৬	১৬৭.২	১৫৩.৫	১৪১.৩	১৩০.৪	১২০.৭	১১২	১০৪.২	৯৭.৩
২৭	২৩৯.৯	২১৭.৫	১৯৮.৩	১৮১.৩	১৬৬.২	১৫২.৭	১৪০.৬	১২৯.৯	১২০.৩	১১১.৮	১০৪.২
২৮	২৬১.৪	২৩৭.৩	২১৫.৯	১৯৭	১৮০.৯	১৬৫.২	১৫১.৯	১৪০.৯	১২৯.৫	১২০.২	১১১.৮
২৯	২৮৬.৫	২৫৯.৪	২৩৫.৫	২১৪.৪	১৯৫.৭	১৭৯.৯	১৬৪.৪	১৫১.৩	১৩৯.৭	১২৯.৪	১২০.২
৩০	৩১৪.৮	২৮৪.৩	২৫৭.৪	২৩৩.৮	২১৩	১৯৪.৫	১৭৮.২	১৬৩.৭	১৫০.৯	১৩৯.৫	১২৯.৪
৩১	৩৪৪.৮	৩১২.৪	২৮২.৯	২৫৫.৬	২৩২.৩	২১১.৭	১৯৩.৫	১৭৭.৫	১৬৩.২	১৫০.৭	১৩৯.৫
৩২	৩৭৮.৮	৩৪২.৯	৩১০	২৮০.৯	২৫৩.৯	২৩০.৯	২১০.৬	১৯২.৮	১৭৭	১৬৩	১৫০.৭
৩৩	৪১৭.৪	৩৭৫.৮	৩৩৯.৫	৩০৭.৮	২৭৮.৩	২৫২.৪	২২৯.৭	২০৯.৮	১৯২.২	১৭৬.৭	১৬৩.৯
৩৪	৪৬৯.৭	৪১৪.২	৩৭৩	৩৩৭.৯	৩০৫.৭	২৭৬.৬	২৫৯.৯	২২৮.৮	২০৯.২	১৯২	১৭৬.৮
৩৫	৫২২.৬	৪৫৮	৪১৯	৩৭০.৩	৩৩৪.৮	৩০৩.৯	২৭৫.৯	২৫০.৯	২২৮.৯	২০৮.৯	১৯২
৩৬	৫৭৯.৭	৫০৮.৫	৪৫৪.৫	৪০৮	৩৬৭.৭	৩৩২.৮	৩০২.৩	২৭৮	২৪৯.৩	২২৭.৮	২০৯
৩৭	৬৪০.৯	৫৬৭.৯	৫০৪.৫	৪৫৯.৯	৪০৫.৯	৩৬৫.৪	৩৩৯	৩০০.৯	২৭৩.৯	২৪৮.৯	২২৭.৮
৩৮	৭০২.৯	৬৩৫.৭	৫৬২.৬	৫০০.৭	৪৪৭.৯	৪০২.৬	৩৬৩.৪	৩২৯.৫	৩০০	২৭২.৭	২৪৯
৩৯	৮২৯	৭১৬.৯	৬৩০.৬	৫৫৮.৩	৪৯৭.৯	৪৪৫	৪০০.৩	৩৬৯.৭	৩২৮.৪	২৯৯.৪	২৭২.৬
৪০	৯৪০.৫	৮১৪.৯	৭১৯	৬২৫.৬	৫৫৪.২	৪৯৩.৮	৪৪২.৩	৩৯৮.৩	৩৬০.৪	৩২৭.৭	২৯৯.৩
৪১	১০৮৮.৪	৯৩২.৪	৮০৭.৩	৭০৫.৩	৬২০.৯	৫৫০.৩	৪৯০.৭	৪৪০	৩৯৬.৭	৩৫৯.৫	৩২৭.৪
৪২	১২৭৬	১০৭৮.৯	৯২৪.৪	৮০০.৬	৬৯৯.৭	৬১৬.৪	৫৪৬.৭	৪৮৮	৪৩৮.৯	৩৯৫.৬	৩৫৯.৯
৪৩	১৫২০.৯	১২৬৪.৬	১০৬৯.৪	৯১৬.৫	৭৯৪.৯	৬৯৪.৪	৬১২.২	৫৪৩.৫	৪৮৫.৭	৪৩৬.৭	৩৯৫
৪৪	১৮৫৩	১৫০৬.৯	১২৫৩.৯	১০৬০	৯০৮.৮	৭৮৭.৮	৬৮৯.৪	৬০৮.৩	৫৪০.৭	৪৮৩.৯	৪৩৫.৮
৪৫	২৩২৭.৮	১৮৩৫.৫	১৪৯২.৮	১২৪৯.৭	১০৫০.৬	৯০৯.২	৭৮৯.৮	৬৮৪.৮	৬০৪.৮	৫৩৮.৪	৪৮২.৬
৪৬		২৩০৫.২	১৮১৭.৮	১৪৭৮.৭	১২৩০.৩	১০৪৯.৫	৮৯৩.৯	৭৭৬.৯	৬৮০.৫	৬০৯.৯	৫৩৬.৬
৪৭			২২৮২.২	১৭৯৯.৯	১৪৬৪.৫	১২১৯	১০৩২.৫	৮৮৬.৯	৭৭০.৮	৬৭৬.৭	৫৯৯.৫
৪৮				২২৫৮.৯	১৭৮৯.৯	১৪৫০.৪	১২০৭.৯	১০২৩.৯	৮৮০.৪	৭৬৬.৯	৬৭৩.৫
৪৯					২২৩৫.৪	১৭৬৩.৯	১৪৩৬.৫	১১৯৭.৯	১০১৫.৬	৮৭৪.৩	৭৬৯.৮
৫০						২২১৯.৭	১৭৪৬	১৪২২.৭	১১৮৬.৬	১০০৭.৯	৮৬৮.৭
৫১							২১৮৮	১৭২৮.২	১৪০৯.৩	১১৭৬.৭	১০০০.৭
৫২								২১৬৪.৩	১৭১০.৭	১১৯৬.৪	১১৬৭.৩
৫৩									২১৪০.৯	১৬৯৩.৭	১১৩৪.৯
৫৪										২১১৭.৯	১৬৭৭.৩
৫৫											২০৯৫.৪

বি: দ্র: প্রিমিয়াম প্রদান পদ্ধতি ষাণ্মাসিক হলে বাৎসরিক প্রিমিয়ামকে ০.৫২৫ এবং ত্রৈমাসিক হলে ০.২৭৫ দ্বারা গুণ করে প্রিমিয়াম নির্ধারণ করতে হবে।